

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.১৯.১৯৩

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬


১৫ জুলাই ২০১৯

বিষয়: ঢাকা শহরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক ছাউনী/অপেক্ষা কক্ষ চালুকরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর স্মারক নং ০৫.৪১.২৬০০.০১৩.৫২.১০৬.১৯-৪৭১,  
তারিখ: ২৬-০৫-২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ঢাকা শহরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক-ছাউনি/অপেক্ষা কক্ষ চালুকরণের বিষয়ে পরীক্ষান্তে করণীয় নির্ধারণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে।



১৫-৭-২০১৯

রনি চাকমা

সিনিয়র সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.১৯.১৯৩/১(৫)

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬

১৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-৭-২০১৯

রনি চাকমা

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা  
(শিক্ষা শাখা)  
[www.dhaka.gov.bd](http://www.dhaka.gov.bd)

স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৩.৫২.১০৬.১৯- ৪৭২

তারিখ: ২৫-০৫-২০১৯ খ্রিঃ


বিষয়: ঢাকা শহরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক-ছাউনী/অপেক্ষা-কক্ষ চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সামনে অভিভাবকগণকে বিক্ষিপ্তভাবে অবস্থান করতে নিয়মিতই দেখা যায়। শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ করার পর হতে ছুটি হওয়া অবধি তাদের অনেকেই সেখানে অবস্থান করেন। ঢাকা শহরের অধিকাংশ বিদ্যালয় রাস্তা সংলগ্ন হওয়ায় অভিভাবকগণ তাদের এ ধরনের অবস্থানের জন্য উন্মুক্ত রাস্তা বা সংলগ্ন ফুটপাথকেই সহজ সমাধান হিসাবে গ্রহণ করে তাতে অবস্থান করে থাকেন যা নানাবিধ দিক থেকে অসুবিধাজনক ও কষ্টদায়ক। তাছাড়া, রাস্তায়/ফুটপাথে অনিয়মতান্ত্রিকভাবে এ ধরনের অবস্থানের কারণে যানজটসহ পথচারীদের স্বাভাবিক চলাচলেও বাধার সৃষ্টি হয়। এক তথ্য মতে দেখা যায়, ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলো বিশেষত মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক ছাউনী/অপেক্ষাগার রয়েছে মাত্র ৩০%। কিন্তু সে সকল ছাউনীও আকার-আয়তনে সব ক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী পর্যাপ্ত নয়।

২। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের প্রবেশের পর অবস্থানরত অভিভাবকগণের অপেক্ষার বিষয়টিকে স্বাচ্ছন্দ্যময় করার প্রয়োজনীয়তা রয়েছে। তাই সকল প্রতিষ্ঠানেই প্রয়োজনীয় সংখ্যক ও প্রয়োজনীয় আকার-আয়তনের অভিভাবক ছাউনী/অপেক্ষা-কক্ষের ব্যবস্থা থাকা অতীব দরকার। এক্ষেত্রে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক ছাউনী বা অপেক্ষাগার নেই কিন্তু জায়গা রয়েছে সে সকল প্রতিষ্ঠানকে অভিভাবক-ছাউনী/অপেক্ষা-কক্ষ তৈরি করতে নির্দেশনা দেয়া যেতে পারে। আর যে সকল প্রতিষ্ঠানে অভিভাবক-ছাউনী/অপেক্ষা-কক্ষ রয়েছে সে সকল প্রতিষ্ঠানে উহা সঠিকভাবে ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অবশিষ্ট প্রতিষ্ঠানসমূহ যাদের তেমন স্থান নেই তারা সংলগ্ন কোন ভবনে বা বাড়ীতে ভাড়ার মাধ্যমে অভিভাবকদের বসার/অপেক্ষার স্থান নির্ধারণ করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া যেতে পারে।

৩। ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

সিনিয়র সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

  
আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান  
জেলা প্রশাসক  
ঢাকা  
ফোন: ৯৫৫৬৬২৮  
E-mail: dcdhaka@mopa.gov.bd

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা